দৈনিক
ইত্তেফাক

তারিখ 23 MAR 2015
পৃষ্ঠা ৫ কলাম ২

# বাকৃবিতে উপাচার্যের পক্ষে বিপক্ষে মানববন্ধন

■ ময়মনসিংহ প্রতিনিধি ও বাকৃবি সংবাদদাতা

অতি সম্প্রতি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি ) উপাচার্য অধ্যাপক ড. মো. রফিকুল হকের নৈতিক স্খলন, নিয়োগে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে পদত্যাগ চেয়ে আন্দোলন অব্যাহত রেখেছে আওয়ামীপন্থি শিক্ষকদের সংগঠন গণতান্ত্রিক শিক্ষক ফোরাম। অন্যদিকে একজন বীর মুক্তিযোদ্ধা ভিসি'র বিরুদ্ধে নৈতিক স্খলনের অভিযোগ মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত দাবি করে জড়িতদের শাস্তি চেয়ে পাল্টা-পাল্টি মানববন্ধন ও সংবাদ সম্মেলন করেছে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ বাকৃবি প্রাতিষ্ঠানিক কমান্ড। উপাচার্যের বিরুদ্ধে কুৎসা ছড়িয়ে তার সম্মানহানির অভিযোগে এক মহিলা কর্মচারীকে সাময়িক বহিষ্কার করেছে প্রশাসন।

রবিবার সকাল ১১টার দিকে কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করে গণতান্ত্রিক শিক্ষক ফোরাম। এতে সভাপতিত্ব করেন ফোরামের সভাপতি অধ্যাপক ড. এ কে এম শামসুদ্দীন।

গতকাল রবিবার উপাচার্য অধ্যাপক ড. মো. রফিকুল হক তার বাসভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তার বিরুদ্ধে আনীত সকল অভিযোগ উদ্দেশ্যপ্রণোদিত উল্লেখ করে নিজেকে নির্দোষ দাবি করেন।